দৈনিক ইনকিলাব

তারিখ 05 JUL 1988
পৃষ্ঠা / কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

10

58

## প্রেসিডেন্টের মহানুভবতা

প্রেসিডেন্ট এরশাদ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের ছাত্র তৌহিদুল হকের চিকিৎসার জন্য দেড় লাখ টাকার মঞ্জুরী প্রদান করেন। তৌহিদুল হক ছাত্র হিসেবে তার অসাধারণ মেধার জন্য চ্যান্সেলর পুরস্কার লাভ করেন। এক সড়ক দুর্ঘটনায় তিনি দুই পায়েই গুরুতর আঘাত পান। একটি ট্রাক পেছন দিক থেকে তার মোটর সাইকেলকে ধাক্কা দিলে তিনি এই দুর্ঘটনায় পতিত হন। খবর বাসস'র।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবেদনে সাড়া দিয়ে প্রেসিডেন্ট তাঁর কল্যাণ তহবিল থেকে তৌহিদের চিকিৎসার জন্য এই অর্থ প্রদান করেন। ব্যাংককের বুমিউনগ্রাড মেডিকেল কেন্দ্রে তৌহিদের চিকিৎসা চলছে।

বিশ্ববিদ্যালয়ে যাবার পথে গত ১১ মে দুর্ঘটনার পর তৌহিদকে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়। তার পায়ে বেশ কিছু জখম ছিল। অবস্থার উন্নতি না হওয়ায় তৌহিদকে থাই রাজধানী ব্যাংককে নিয়ে যাওয়া হয়।

তৌহিদের পিতা জনাব আজীজুল হক বাংলাদেশ রসায়ন শিল্প করপোরেশনের একজন কর্মকর্তা।